

-০২-

ঢাকা ওয়াসা

- ১। ২০২৪-২৫ অর্থ বছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক জরুরি পরিকল্পনার কপি।
২। কোটেশন।
৩। প্রাক্কলন।


বিষয়ঃ মডুস জোন-৯ এর ঢাকা মেট্রো-শ-১১-২৭৩০পানির গাড়ির ব্রেক সিস্টেম মেরামত করণ কাজের অনুমোদন প্রসংগে।

০১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা মডুস জোন-৯ হতে কুড়িল বিশ্বরোড থেকে আব্দুল্লাহপুর পর্যন্ত ঢাকা - ময়মনসিংহ মেইন রোড এর পূর্ব এবং পশ্চিম দুই পাশের এলাকায় পানি সরবরাহ করা হয়। প্রতি বছর শুষ্ক মৌসুমে কোন কারনে কোন পাম্প বন্ধ থাকলে অথবা কোন পাম্পের উৎপাদন কমে গেলে অত্র এলাকাসমূহে পানির সংকট দেখা দেয়। এছাড়াও যে কোন মেরামত ও রক্ষণাবেক্ষন কাজ, লোডশেডিং ইত্যাদি করনে সাময়িক সময়ে পানি সরবরাহ বন্ধ থাকলেও জনমনে অসন্তোষ ও ক্ষোভ সৃষ্টি হয় যা ঢাকা ওয়াসার সুনাম ক্ষুন্ন করে। চাহিদার তুলনায় উৎপাদন কম হওয়ায় নিরবিচ্ছিন্নভাবে পানি সরবরাহ করা যায় না। এই অবস্থায় শুষ্ক মৌসুমে ঢাকা ওয়াসার সম্মতিত গ্রাহক গনকে প্রয়োজনীয় পানি প্রাপ্তির লক্ষ্যে ২৪ ঘন্টা পানির গাড়ীর মাধ্যমে পানি সরবরাহ করা হয়ে থাকে। উক্ত গাড়িটি ২৪ ঘন্টা পানির সরবরাহ করার কারনে প্রায় সময় বিভিন্ন যন্ত্রাংশ বিকল হয়ে পড়ে। তাই জরুরী ভিত্তিতে ঢাকা মেট্রো- শ-১১-২৭৩০পানির গাড়িটির ব্রেক সিস্টেম মেরামত কাজ করার জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রাক্কলনের সর্বমোট টাকার পরিমান দাঁড়িয়েছে ২৪,৫৩০/- (চব্বিশ হাজার পাঁচশত ত্রিশ টাকা মাত্র) টাকা। খরচের ব্যয়ভার মডুস জোন-৯ এর ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক কর্মপরিকল্পনার বানবাহন রক্ষণাবেক্ষন খাতের ক্রমিক নং- D-2 (6) হতে নির্বাহ করা হবে।

০২। এমতাবস্থায়, মডুস জোন-৯ এর ঢাকা মেট্রো-শ-১১-২৭৩০পানির গাড়ির ব্রেক সিস্টেম মেরামত করণ কাজ বাবদ= ২৪,৫৩০/- (চব্বিশ হাজার পাঁচশত ত্রিশ টাকা মাত্র) টাকা পি.পি. আর ২০০৮ এর বিধি ৮১/১ ধারা মোতাবেক অস্থায়ী অগ্রিম হিসাবে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক অনুমোদন করা যেতে পারে।



19-6-25

জাহিরুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মডুস জোন-৯
ঢাকা ওয়াসা


মোঃ দেলোয়ার হোসেন
উপ-বিভাগীয় প্রকৌশলী
মডুস জোন-৯
ঢাকা ওয়াসা


19/06/25
মোঃ হোসেন খান
নির্বাহী প্রকৌশলী
মডুস জোন ৯, ঢাকা ওয়াসা


২৩/০৬/২৫
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডুস সার্কেল-২, ঢাকা ওয়াসা।


২৩/০৬/২৫
প্রকৌশলী মোঃ আব্দুল সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।